দৈনিক সংবাদ

06

তারিখ 29 FEB 1992
পৃষ্ঠা ... ৫ ... কলাম ...

## সরকারী কলেজে শিগগিরই ২ হাজার শিক্ষক নিয়োগ করা হবে ঃ শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বলেছেন যে, সরকারী কলেজসমূহে শূন্য পদগুলো পূরণের উদ্দেশ্যে শিগগিরই দু'হাজার লেকচারার নিয়োগ করা হবে। শিক্ষা

শিক্ষামন্ত্রী ঃ পৃঃ ৮ কঃ ২

## শিক্ষামন্ত্রী ঃ শূন্যপদ পূরণে শিক্ষক নিয়োগ করা হবে

(১ম পাতার পর)

ব্যবস্থার স্বার্থে শিক্ষক সম্প্রদায়ের সমস্যাবলী সমাধানের লক্ষ্যে এ ব্যাপারে ইতিমধ্যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে মন্ত্রী উল্লেখ করেন।

বাসস জানায়, গতকাল শুক্রবার বাংলা কলেজ প্রাঙ্গণে বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির জাতীয় সম্মেলনে প্রধান অতিথির ভাষণদানকালে শিক্ষামন্ত্রী এ কথা বলেন।

সমিতির সভাপতি কামাল আতাউর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে অন্যদের মধ্যে বক্তৃতা করেন শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ ইউনুস খান, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ইয়াজউদ্দিন আহমদ, সমিতির মহাসচিব ওমর ফারুক এবং ৪টি বিভাগ থেকে চারজন প্রতিনিধি।